



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.১৪.০১৩.১৯-১০২৫

তারিখ: ২১/১২/২০২০


বিষয়ঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ভোলা জেলার লালমোহন পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য লালমোহন পৌর এলাকায় জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।

সূত্রঃ পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল এর পত্র নং-৪৬.১০.০০০০.০০৯.০৭.১৪.১১-৩০৭, তারিখ: ২৩/০৭/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য লালমোহন পৌর এলাকায় জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের লক্ষ্যে পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল এর নিকট হতে বর্ণিত প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন সূত্রস্থ পত্রের মাধ্যমে পাওয়া গিয়াছে। কিন্তু উক্ত পরিদর্শন রিপোর্টের ১১নং-১২নং কলামে উপকার ভোগীদের মন্তব্য ও স্থানীয় প্রশাসনের মতামত প্রযোজ্য নয় মর্মে উল্লেখ করা হয়েছে। এছাড়াও পরিদর্শন প্রতিবেদনের-১৩ নং কলামে প্রকল্পের কাজের মান বাহ্যিক দৃষ্টিতে ভাল মর্মে উল্লেখ রয়েছে। যা আরো সুস্পষ্ট বিবরণ আবশ্যিক।

০২। এমতাবস্থায় পরিদর্শন প্রতিবেদন এর কলাম নং-১১, ১২ ও ১৩ যথাযথভাবে পূরণপূর্বক বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ পরিদর্শন প্রতিবেদন ছক।


(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

পরিচালক
স্থানীয় সরকার
বরিশাল বিভাগ, বরিশাল।

অনুলিপিঃ

- ০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মেয়র, লালমোহন পৌরসভা, ভোলা।
- ০৩। প্রকল্প পরিচালক, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য লালমোহন পৌর এলাকায় জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন প্রকল্প, লালমোহন পৌরসভা, ভোলা।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।